85

দৈনিক ইত্তেফাক

তারিখ ... MAY 3 1999

পৃষ্ঠা 8 কলাম 6

# এমপিওভুক্তির আবেদন

কুড়িগ্রাম জেলা সদর থানার বেলগাছা ইউনিয়নে অবস্থিত আদর্শ উচ্চ বিদ্যালয় অত্র এলাকায় শিক্ষা বিস্তারে আলোকবর্তিকা হিসাবে কাজ করিয়া যাইতেছে। ইহার ছাত্র-ছাত্রী সংখ্যা বর্তমানে সাত শতাধিক। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় যে, বিদ্যালয়টি প্রতিষ্ঠার পাঁচ বৎসর পরও এম.পিওভুক্ত হয় নাই। শিক্ষক ও কর্মচারীগণের বেতন বাবদ সরকারী বরাদ্দ অংশ ও বিদ্যালয়ের আর্থিক অনুদানের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ একটি আবেদনপত্র মাননীয় শিক্ষামন্ত্রী, মহোদয় বরাবরে পেশ করা হইয়াছে। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক উক্ত আবেদনপত্র ১২-৬-৯৭ তারিখে গৃহীত হয় এবং উক্ত আবেদনপত্রের ফাইল নম্বর-৩৬৮১। অদ্যাবধি উক্ত আবেদনপত্রের ব্যাপারে কিছুই জানা যায় নাই। এমপিওভুক্ত না হওয়ায় শিক্ষক ও কর্মচারীগণের কর্মস্পৃহা হ্রাস পাইতেছে। সেইসাথে আর্থিক অনুদানের অভাবে বিদ্যালয়ের প্রাতিষ্ঠানিক কার্যক্রম ব্যাহত হইতেছে। এমতাবস্থায়, অত্র বিদ্যালয়ে প্রাণচাঞ্চল্য ফিরাইয়া আনিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মীর্জা মোঃ নিজাম উদ্দিন,
ক্যাতার মোড় বাজার,
কুড়িগ্রাম।